গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.০৪৫.১৭- ২০৪৭

তারিখ ঃ ২৪/১০/২০১৭ খ্রিঃ।

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
জেলা কমান্ড্যান্টের কার্যালয়, নীলফামারী।
৫/১১/১৭
২৪৫৪

প্রতি ঃ জেলা কমান্ড্যান্ট (সকল)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

বিষয় ঃ **২০১৭-২০১৮ অর্থ বছরে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন সংগ্রহ, ভান্ডার ও সরবরাহ ব্যবস্থাপনা কর্মসূচীর আওতায় ২১টি আঞ্চলিক পন্যাগার ও ৩০৭টি উপজেলা পরিবার পরিকল্পনা গুদামসহ মোট (২১+৩০৭) ৩২৮ টি স্থাপনায় নিরাপত্তার জন্য প্রত্যেকটিতে ০২ জন করে মোট (৩২৮×২) = ৬৫৬ জন এবং উপকরণ ও সরবরাহ ইউনিটে ০৪ জন সর্বমোট (৬৫৬+৪) ৬৬০ জন এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন সংগ্রহ, ভান্ডার ও সরবরাহ ব্যবস্থাপনা কর্মসূচীর আওতায় কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা অফিসে ০৮ জন ভিডিপি সদস্য অঙ্গীভূতকরণের অনুমোদন প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ
ক) পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর স্মারক নং-পপ/কেঃপন্য/আনসার-ভিডিপি/২০১৭-২০১৮/৫১১/৪৪৩(৬৩)/১(৬৪৩), তারিখ-২৪/০৭/১৭ খ্রিঃ।
খ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্মারক নং-৫৯.০০.০০০০.১১০.৯৯.০০৯.১৭-৫২, তারিখ-১০/০৭/২০১৭ খ্রিঃ।
গ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী স্মারক নং-পপ/কেঃপণ্যাঃ/আনসার-ভিডিপি/২০১৭-২০১৮/৫১১/৫২৬(৭), তারিখ - ২২/০৮/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন সংগ্রহ, ভান্ডার ও সরবরাহ ব্যবস্থাপনা কর্মসূচীর আওতায় ২১টি আঞ্চলিক পন্যাগার ও ৩০৭টি উপজেলা পরিবার পরিকল্পনা গুদামসহ মোট (২১+৩০৭) ৩২৮ টি স্থাপনায় নিরাপত্তার জন্য প্রত্যেকটিতে ০২ জন করে মোট (৩২৮×২) = ৬৫৬ জন এবং উপকরণ ও সরবরাহ ইউনিটে ০৪ জন সর্বমোট (৬৫৬+৪) = ৬৬০ জন এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন সংগ্রহ, ভান্ডার ও সরবরাহ ব্যবস্থাপনা কর্মসূচীর আওতায় কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা অফিসে ০৮ জন ভিডিপি সদস্য নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক অঙ্গীভূতকরণের অনুমোদন প্রদান করা হলো।

১. যোগ্যতা ঃ

| | | | |
|---|---|---|---|
| ক। | প্রশিক্ষণ | ঃ | ২১ দিন মেয়াদী ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |
| খ। | বয়স | ঃ | ১৮ হতে ৫০ হতে হবে। |
| গ। | শিক্ষাগত যোগ্যতা | ঃ | ন্যূনতম ৮ম শ্রেণী পাস। |
| ঘ। | উচ্চতা | ঃ | **সর্বনিম্ন ৫ ফুট ৬ ইঞ্চি।** |
| ঙ। | বুকের মাপ | ঃ | ৩১/৩২ ইঞ্চি। |
| চ। | দৃষ্টি শক্তি | ঃ | ৬/৬। |

২. সংশ্লিষ্ট জেলায় মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত (২১ দিন মেয়াদী) ভিডিপি সদস্যদের মধ্য হতে তালিকা প্রস্তুত করণের লক্ষ্যে সংশ্লিষ্ট রেঞ্জ পরিচালক নিম্নবর্ণিত ০৩ (তিন) সদস্যের একটি কমিটি গঠন করবেন। গঠিত কমিটি ক্রমিক নং ১ এর বর্ণিত বিষয়াবলী সরেজমিনে যাচাই পূর্বক চূড়ান্তভাবে প্যানেল তৈরি করার পর বিবেচিত হবে যা সংশ্লিষ্ট রেঞ্জ পরিচালকের নিকট হতে অনুমোদনক্রমে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্টগন মোতায়েন করবেন।

| | | |
|---|---|---|
| ক। | সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট | - সভাপতি। |
| খ। | সংশ্লিষ্ট জেলার পার্শ্ববর্তী জেলা কমান্ড্যান্ট | - সদস্য (রেঞ্জ পরিচালক কর্তৃক মনোনীত)। |
| গ। | সংশ্লিষ্ট সার্কেল এ্যাডজুটেন্ট | - সদস্য-সচিব। |

৩. বাছাইকৃত ভিডিপি সদস্যদের রেঞ্জের তত্ত্বাবধানে ০১/০২টি প্রশিক্ষণ কেন্দ্রে ০৭ দিন মেয়াদী প্রাক-অঙ্গীভূত প্রশিক্ষণ প্রদান করতে হবে।
৪. অঙ্গীভূতির পূর্বে ভিডিপি সদস্যদের পুলিশী যাচাই প্রতিবেদন গ্রহণ আবশ্যক।
৫. বাছাই তালিকা হতে যথাসম্ভব দায়িত্বপূর্ন স্থাপনার কাছাকাছি এলাকার ভিডিপি সদস্যদের অঙ্গীভূত করতে হবে।
৬. নিয়োজিত ভিডিপি সদস্যদের কর্তব্য সময় ০৮ (আট) ঘন্টার অধিক হবে না। এই কর্তব্যকাল প্রত্যাশী সংস্থা কর্তৃপক্ষ এবং আনসার ও ভিডিপি কর্মকর্তার সমন্বয়ে নির্ধারিত হবে।
৭. মোতায়েনকৃত ভিডিপি সদস্যদের ভাতা সংস্থা কর্তৃপক্ষ জেলা কমান্ড্যান্ট এর নিকট প্রদান করবেন। জেলা কমান্ড্যান্টগণ সদস্যদের ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে ভাতাদি প্রদান নিশ্চিত করবেন।
৮. তাদের ভাতাদি, রেশন, পোষাক ও ছুটি জেলা কমান্ড্যান্ট এর কার্যালয় হতে সংশ্লিষ্ট ইউএভিডিওগণের মাধ্যমে নিশ্চিত করতে হবে।
৯. **নিয়োজিত ভিডিপি সদস্যগণ বছরে ৩০ (ত্রিশ) দিন ছুটি প্রাপ্য হবেন।**
১০. বাছাইকৃত ভিডিপি সদস্যগণকে শুধুমাত্র পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন সংস্থাসমূহে অঙ্গীভূত করা যাবে।
১১. কোন সদস্য ইস্তফা প্রদান করলে প্যানেলভূক্ত **পরবর্তী ক্রমিকের** ভিডিপি সদস্যদের দ্বারা শুন্যপদ পূরণ করা যাবে।
১২. এ প্রকল্পে কোন আনসার সদস্যকে অঙ্গীভূত করা যাবে না।
১৩. প্রত্যাশী সংস্থার আবেদনের প্রেক্ষিতে একটি নির্দিষ্ট সময়ের জন্য ইতোমধ্যে মোতায়েনকৃত গার্ডের মোতায়েন সময়কাল বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক অনুরোধ করা হলে এবং তা জেলা কমান্ড্যান্ট ও রেঞ্জ কমান্ডার কর্তৃক বিবেচিত হলে তা বৃদ্ধি করা যাবে। তবে, মোতায়েনকৃত ভিডিপি সদস্যদের ক্ষেত্রে অঙ্গীভূতির সময়কাল **সর্বোচ্চ ০১ বছর** এর বেশী বৃদ্ধি করা যাবে না।
১৪. **প্যানেলে অন্তর্ভূক্ত সদস্য অবশ্যই কেন্দ্রিয় ডাটাবেজে অন্তর্ভূক্ত হতে হবে।**

১৫. অঙ্গীভূতির অযোগ্যতা ঃ কোন ব্যক্তি অঙ্গীভূত হবার উপযুক্ত বিবেচিত হবেন না, যদি তিনি

ক। বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশে ডোমিসাইল না হন;
খ। বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করে থাকেন বা বিয়ে করবার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হন;
গ। কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়াত্ব অবসান হয়েছেন মর্মে ঘোষনা করা হয় না;
ঘ। কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মানসিক ভারসাম্যহীন বিবেচিত হন;
ঙ। কোন উপযুক্ত আদালত কর্তৃক দুস্কৃতিকারী হিসেবে চিহ্নিত হন বা সাজা প্রাপ্ত হন;
চ। এলাকায় অসামাজিক কার্যকলাপে জড়িত আছেন বা ছিলেন মর্মে কুখ্যাতি রয়েছে;
ছ। নৈতিক শৃংঙ্খলাজনিত অপরাধে কোন উপযুক্ত আদালত কর্তৃক সাজা প্রাপ্ত হন;
জ। কোন অপরাধে সরকারী চাকুরী হতে বরক্ষাস্ত হন;
ঝ। চাকুরী বিরতীকাল ০২ (দুই) বছর পূর্ন না হলে;
ঞ। সদস্য পদ বাতিল করা হয়েছে বা কালো তালিকাভুক্ত কর হয়েছে এমন কোন ভিডিপি সদস্য;
ট। দায়িত্বে বহাল আছেন এমন ইউনিয়ন দলনেতা/দলনেত্রী এবং
ঠ। এ পত্রের ১নং অনুচ্ছেদের চাহিত যোগ্যতা সমূহের এক বা একাধিক ঘাটতি হলে।

১৬. অঙ্গীভূতির জন্য প্রয়োজনীয় দলিলপত্র ঃ অঙ্গীভূতির জন্য তালিকাভুক্ত হতে আগ্রহী প্রার্থীকে নিম্নোক্ত দলিলপত্রাদি নির্বাচন কমিটির নিকট উপস্থাপন করতে হবে ঃ

ক। প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার ওয়ার্ডের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
খ। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ডের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
গ। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
ঘ। নবম শ্রেণী ও তদুর্ধ্বদের রেজিষ্ট্রেশন/এসএসসি পাশের সনদপত্র।
ঙ। টিএভিডিও/ইউএভিডিও কর্তৃক স্বাক্ষরিত প্লাটুন ভুক্তির সনদপত্র।
চ। প্রশিক্ষন সনদপত্র।
ছ। শপথনামা (ক্রোড়পত্র ক অনুযায়ী)।
জ। শৃংখলা ভঙ্গের কারনে বাহিনী কর্তৃক গৃহীত কার্যক্রমের জন্য আদালতের আশ্রয় গ্রহণ না করার লিখিত অংগীকারনামা (ক্রোড়পত্র খ অনুযায়ী)।
ঝ। জাতীয় পরিচয়পত্র/ভোটার আইডি কার্ড (যদি থাকে)।
ঞ। রক্তের গ্রুপের প্রত্যয়নপত্র।
ট। শারীরিক যোগ্যতার স্বপক্ষে চিকিৎসকের সনদপত্র।

উপরোল্লিখিত সকল দলিলপত্রের মূলকপি তালিকাভুক্তির সময় নির্বাচন কমিটির নিকট উপস্থাপন করত: দলিলপত্রের মূল কপি প্রার্থী নিজে সংরক্ষণ করবেন এবং সেগুলোর সত্যায়িত ফটোকপি নির্বাচন কমিটিকে হস্তান্তর করবেন।

১৭. অ-অঙ্গীভূতকরণ ঃ নিম্নবর্ণিত কারনে কোন ভিডিপি সদস্যকে অ-অঙ্গীভূত করা যাবে ঃ

ক। অঙ্গীভূতকাল শেষ হলে;
খ। পদত্যাগপত্র গৃহীত হলে;
গ। পেশাগত কাজে অযোগ্যতা এবং শারীরিক বা মানসিকভাবে অক্ষম হলে;
ঘ। শৃংখলার মান সন্তোষজনক না হলে এবং
ঙ। মহাপরিচালক কর্তৃক নির্ধারিত অন্যান্য কারণে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ পত্র জারী করা হলো।

২৯/১০/১৭

মোঃ শাহবুদ্দিন
পরিচালক (অঙ্গীভূতকরণ)
ফোন-৫৫১২০৫৯৩

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.০৪৫.১৭- তারিখ ঃ /১০/২০১৭ খ্রিঃ।

অনুলিপি ঃ

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক মহোদয়ের সচিবালয়<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২. | উপ-মহাপরিচালক মহোদয়<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৩. | উপ-মহাপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/অপারেশন্স)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৪. | পরিচালক (সকল রেঞ্জ)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী.............................. | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৫. | পরিচালক (সকল)<br>.................... মহানগর আনসার ........................................ | " |
| ৬. | সংস্থা কর্তৃপক্ষ<br>.................................................... | অবগতির জন্য। |
| ৭. | অফিস কপি/মাষ্টার কপি। | সংরক্ষনের জন্য। |

পরিচালক (অঙ্গীভূতকরণ)